




ISO 9001:2015 Certified



দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২

জয়নগর, চন্ডিপুর, ফুলবাড়ী, বিরামপুর, দিনাজপুর।



মোবাইল নং-০১৭৬৯৪০১১২৮

ই-মেইল-dpbstwo@gmail.com

ওয়েব সাইট- www.pbs2.dinajpur.gov.bd

স্মারক নং- ২৭.১২.২৭৩৮.৫৪৪.০১.০০৮.২২. ৩২৯৩

তারিখঃ ১৯ শ্রাবণ, ১৪২৯ বঙ্গাব্দ
০৩ আগস্ট, ২০২২ খ্রিষ্টাব্দ

“নিলাম দরপত্র বিজ্ঞপ্তি”

দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর পরিচালন ও রক্ষণাবেক্ষণ স্টোরের অব্যবহৃত প্যাকিং কাঠ (লাকড়ী) “যেখানে যে অবস্থায় আছে” ভিত্তিতে নিলামে বিক্রয় করা হবে। আগ্রহী ব্যক্তি/ ব্যবসায়ী/ প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে সাদা কাগজে/নিজস্ব লেটার হেড প্যাডে বিস্তারিত নাম, ঠিকানা, মোবাইল নম্বর ও স্বাক্ষরসহ সীলগালা খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে। প্যাকিং কাঠের বিবরণ নিম্নে প্রদান করা হলো।

ক্রমিক নং	মালামালের বিবরণ	পরিমাণ/ ওজন	একক নিলাম মূল্য (প্রতি মন) (টাকা)	মোট নিলাম মূল্য
১.	অব্যবহৃত প্যাকিং কাঠ (লাকড়ী) (যেখানে যে অবস্থায় আছে)	৬০ মন (কম/বেশি হতে পারে)		
		মোট =		

কথায়ঃ

দরপত্র প্রদানের স্থান ও সময়

০১।	দরপত্র জমা দেয়ার তারিখ ও সর্বশেষ সময়	১০/০৮/২০২২খ্রিঃ তারিখ বুধবার বেলা ১১:৩০ ঘটিকা পর্যন্ত
০২।	দরপত্র জমা দেয়ার স্থান	দিনাজপুর পবিস-২ এর সদর দপ্তর, ফুলবাড়ী, বিরামপুর, দিনাজপুর।
০৩।	দরপত্র খোলার তারিখ, সময় ও স্থান	১০/০৮/২০২২খ্রিঃ তারিখ বুধবার বেলা ১১:৩৫ ঘটিকায় দিনাজপুর পবিস-২ এর সদর দপ্তর, ফুলবাড়ী, বিরামপুর, দিনাজপুর।

শর্তাবলীঃ

- উপরে বর্ণিত সময়সীমার মধ্যে যে কোন দিন (সরকারী ছুটি ও সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত) অফিস সময়ে সীলমোহরকৃত নিলাম দরপত্র দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২, ফুলবাড়ী, বিরামপুর, দিনাজপুর এর সদর দপ্তরে রক্ষিত টেন্ডার বাক্সে দরপত্র দাখিল করতে পারবেন। নির্ধারিত সময়ের পর কোন অবস্থাতেই দরপত্র গ্রহণ করা যাবে না। দাখিলকৃত দরপত্রসমূহ বর্ণিত সময়সূচী অনুযায়ী উপস্থিত দরদাতাগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।
- নিলামে উদ্ধৃত দরের ২৫% (পঁচিশ শতাংশ) অর্থ আর্নেস্ট মানি পে অর্ডার আকারে জেনারেল ম্যানেজার, দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর অনুকূলে নিলাম দরপত্রের সাথে জমা দিতে হবে। কৃতকার্য নিলাম দরদাতাকে অবশ্যই অবশিষ্ট ৭৫% মূল্য দরপত্র সংক্রান্ত সিদ্ধান্ত জানানোর তারিখ হতে ১৫ দিনের মধ্যে নগদ/ পে অর্ডার আকারে পরিশোধ পূর্বক মালামাল গ্রহণ করতে হবে। উক্ত সময়ের মধ্যে অবশিষ্ট অর্থ জমা দিতে ব্যর্থ হলে জামানতের সমুদয় অর্থ বাজেয়াপ্ত করা হবে। উদ্ধৃত দর অংকে ও কথায় উল্লেখ করতে হবে। মালামালের সর্বনিম্ন নিলাম দরের চেয়ে কম দর গ্রহণযোগ্য হবে না।
- দরপত্রে কোনরূপ কাটাকাটি বা ঘষামাজা গ্রহণযোগ্য হবে না। দরপত্রের খামের উপরে স্পষ্টাক্ষরে “অব্যবহৃত প্যাকিং কাঠ (লাকড়ী) এর নিলাম দরপত্র” কথাটি লিখে দিতে হবে। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে।
- উপরোক্ত মালামাল আগামী ০৮/০৮/২০২২খ্রিঃ পর্যন্ত প্রতিদিন অফিস চলাকালীন সময়ে দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সদর দপ্তর, ফুলবাড়ী, বিরামপুর, দিনাজপুর- এ পরিদর্শন করা যাবে।
- সর্বোচ্চ বৈধ নিলাম দরদাতাকে কার্যাদেশ প্রদানের ১৫ (পনের) দিনের মধ্যে অবশিষ্ট ৭৫% (পঁচাত্তর শতাংশ) মূল্যসহ উদ্ধৃত মোট নিলাম মূল্যের উপর নিয়মানুযায়ী সরকারী ভ্যাট ও আয়কর বাবদ মূল্য নগদ/ পে-অর্ডার/ (পে-অর্ডার এর ক্ষেত্রে সমিতির হিসাবে জমাকরণ নিশ্চিত হওয়া সাপেক্ষে) এর মাধ্যমে পরিশোধ করে মালামাল ডেলিভারী গ্রহণ করতে হবে।
- পবিস কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ছাড়াই যে কোন বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হলে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৩১/৮/২২


(মোঃ শহীদ উদ্দিন)

জেনারেল ম্যানেজার (চঃ দাঃ)।

Abaful

অনুলিপিঃ নোটিশ বোর্ডে প্রচারের অনুরোধ সহ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ০১। পরিচালক, পবিস মঃ ও ব্যঃ পঃ (উঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (নির্ধারিত সময়ে দরপত্র বন্ধে দরপত্র গ্রহণের অনুরোধ সহ)।
- ০২। জেলা প্রশাসক, দিনাজপুর।
- ০৩। পুলিশ সুপার, দিনাজপুর।
- ০৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (বাপবিবোর ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)।
- ০৫। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/ সড়ক ও জনপদ, দিনাজপুর।
- ০৬। নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, দিনাজপুর।
- ০৭। সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার.....পবিস-১/২/৩/৪।
- ০৮। উপজেলা নির্বাহী অফিসার..... উপজেলা, দিনাজপুর।
- ০৯। মেয়র,পৌরসভা, দিনাজপুর।
- ১০। সিনিয়র ডিজিএম, দিপবিস-২।
- ১১। সহকারী প্রকৌশলী, বাপবিবো, দিনাজপুর। (দরপত্র মূল্যায়নের জন্য নির্দিষ্ট সময়ে উপস্থিত থাকার জন্য বলা হলো)।
- ১২। এজিএম (অর্থ-হিসাব/ওএন্ডএম), দিপবিস-২।
- ১৩। এজিএম (আইটি), দিপবিস-২ (অত্র পবিসের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ১৪। নোটিশ বোর্ড/ অফিস কপি / মাষ্টার কপি।


(মোঃ শহীদ উদ্দিন)
জেনারেল ম্যানেজার (চঃ দাঃ)।

